# বিপিএইচ সতর্কবার্তা

চলতি বছর উপর্যুপরি বন্যা এবং মাত্রাতিরিক্ত বিক্ষিপ্ত বৃষ্টিপাতের ফলে ধানক্ষেতে কোথাও কোথাও জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। প্রকৃতিতে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণও বর্তমানে বেশি, যা বাদামি গাছফড়িং এর বংশ বিস্তার এর অনুকূল। ধানের জমি পর্যবেক্ষণ করে আশু দমন ব্যবস্থাপনা গ্রহণ করুন।



বাদামি গাছফড়িং



বাচ্চা বাদামি গাছফড়িং



আক্রান্ত জমি

এ পোকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- আলোক ফাঁদ ব্যবহার ব্যবহার করে লম্বাপাখা বিশিষ্ট বাদামি গাছফড়িং দমন করুন।
- জমিতে পোকা বাড়ার সম্ভাবনা দেখা দিলে জমে থাকা পানি সরিয়ে ফেলুন।
- পোকার আক্রমণ অর্থনৈতিক ক্ষতির দ্বার প্রান্তে পৌঁছলে (চারটি ডিমওয়ালা পেট মোটা পূর্ণবয়স্ক স্ত্রী পোকা বা ১০ টি বাচ্চা গাছ ফড়িং বা উভয়ই) নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় ব্যবহার করুন। কীটনাশক অবশ্যই গাছের গোড়ায় প্রয়োগ করতে হবে।

| কীটনাশক | | প্রয়োগ মাত্রা/হেক্টর |
|---|---|---|
| জেনেরিক নাম | ব্র্যান্ড নাম | |
| পাইমেট্রোজিন | প্লেনাম ৫০ ডব্লিউজি | ৫০০ গ্রাম |
| থায়ামেথোক্সাম | একতারা ২৫ ডব্লিউজি | ৬০ গ্রাম |
| এমআইপিসি | মিপসিন ৭৫ ডব্লিউপি | ১.৩ কেজি |
| ইমিডাক্লোপ্রিড | এডমায়ার ২০ এসএল | ১২৫ এমএল |
| এবামেক্টিন | সানমেক্টিন ১.৮ ইসি | ১.০ লিটার |
| এসিফেট | এসাটাফ ৭৫ এসপি | ৭৫০ গ্রাম |
| এসিটামিপ্রিড | প্লাটিনাম ২০ এসপি | ৫০ গ্রাম |
| কার্বোসালফান | মার্শাল ২০ ইসি | ১.০ লিটার |
| কার্টাপ | সানটাপ ৫০এসপি | ১.২ কেজি |


**কীটতত্ত্ব বিভাগ**

**বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর**


22.10.2020